যুগান্তর

তারিখ 30 NOV 2017
পৃষ্ঠা ১৭ কলাম ৪

# ঢাবি অধিভুক্ত ৭ কলেজের ভর্তি পরীক্ষা শুরু কাল

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

চলতি শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ৭টি সরকারি কলেজে ১ম বর্ষ স্নাতক (সম্মান/পাস) শ্রেণীর ভর্তি পরীক্ষা কাল থেকে শুরু হচ্ছে। ওইদিন সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

মোট ৯টি কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। কেন্দ্রগুলো হলো- ইডেন মহিলা কলেজ (রোল ৩০০০০১ থেকে ৩০৫০০০), বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ (রোল ৩০৫০০১ থেকে ৩০৭৩৯৬), ঢাকা কলেজ (রোল ৩০৭৩৯৭ থেকে ৩১০৮৯৬), কবি নজরুল সরকারি কলেজ (রোল ৩১০৮৯৭ থেকে ৩১২৪৪০), সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ (রোল ৩১২৪৪১ থেকে ৩১৪৬৪০), সরকারি তিতুমীর কলেজ (রোল ৩১৪৬৪১ থেকে ৩১৮১৪০), সরকারি বাঙলা কলেজ (রোল ৩১৮১৪১ থেকে ৩২০৬২০), আজিমপুর সরকারি গার্লস স্কুল অ্যান্ড কলেজ (রোল ৩২০৬২১ থেকে ৩২২১৩০) এবং গার্হস্থ্য অর্থনীতি কলেজ (রোল ৩২২১৩১ থেকে ৩২৩৭০৪)। কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটে ১৬ হাজার ৯শ' আসনের বিপরীতে আবেদনকারীর সংখ্যা ২৩ হাজার ৭০৪ জন। বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষা ৮ ডিসেম্বর এবং বাণিজ্য ইউনিটের ভর্তি পরীক্ষা ৯ ডিসেম্বর অনুষ্ঠিত হবে। বিস্তারিত তথ্য' www.7college.du.ac.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সরকারি ৭টি কলেজ হচ্ছে- ঢাকা কলেজ, কবি নজরুল সরকারি কলেজ, ইডেন মহিলা কলেজ, সরকারি তিতুমীর কলেজ, সরকারি বাঙলা কলেজ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ এবং সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ।